অতীব জরুরী
বিশেষ বাহক মারফত

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-১ (সংস্থাপন) শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১১১.২৩.০০৩.১৯-৬৬৭

তারিখ: ২১ আশ্বিন ১৪২৭
০৬ অক্টোবর ২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের তথ্য সংক্রান্ত।

সূত্র: সভাপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সান্নিধ্যপ্রাপ্ত সিভিল এর আধা-সরকারি পত্র নং- ০৫.০০.০০০০.০২৮.০০.০০১.২০.২৭০, তারিখ: ০১/১০/২০২০খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত সূত্রোক্ত স্মারকের মর্মানুযায়ী তথ্যাদি আগামী ১১/১০/২০২০খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

06.10.2020

(মোঃ সাইফুল ইসলাম ভূঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৪৭৭
e-mail: admin1@motj.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/বাতাঁবো/বিজেসি (বিলুপ্ত), ঢাকা।
৩. মহাপরিচালক, পাট অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, বালিয়াপুকুর, রাজশাহী।
৫. যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব (সকল)/উপ-প্রধান (পরিকল্পনা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী প্রধান (সকল)/সহকারী সচিব (সকল)/প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জনসংযোগ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/হিসাবরক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।

Urgent.


মো: মোকাম্মেল হোসেন
অতিরিক্ত সচিব (এপিডি)
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সান্নিধ্যপ্রাপ্ত সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের সদস্যগণের স্মৃতিকথা সম্বলিত স্মারকগ্রন্থ প্রকাশনা ও সম্মাননা প্রদান কমিটি
ফোন: +৮৮-০২-৯৫১৪২৮৮ ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৪৪৭৭
Email: apdwing@mopa.gov.bd


০৫.১০.২০২০

আধা-সরকারি পত্র নং-০৫.০০.০০০০.০২৮.০০.০০১.২০.২৭০

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭ / ০১ অক্টোবর ২০২০

প্রিয় স্যার,

আপনি অবহিত আছেন যে দেশে ও বিদেশে বছরব্যাপী নানাবিধ কর্মসূচি পালনের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে সরকার ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত সময়কে 'মুজিব বর্ষ' ঘোষণা করেছে। এ উপলক্ষ্যে গঠিত জাতীয় কমিটির নির্দেশনার আলোকে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক একটি সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ কর্মপরিকল্পনায় জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মসূচির মধ্যে অন্যতম হলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সান্নিধ্যধন্য সিভিল সার্ভিসের সদস্যগণের কর্মকালীন স্মৃতিকথনমূলক গ্রন্থ প্রকাশ।

২। এ উপলক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সান্নিধ্যপ্রাপ্ত সিভিল সার্ভিসের সদস্যগণের স্মৃতিকথা সম্বলিত স্মারকগ্রন্থ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকাশনাটি সিভিল সার্ভিসের বিভিন্ন পর্যায়ের সদস্যগণের জাতির পিতার সান্নিধ্যে কর্মকালীন স্মৃতিচারণমূলক লেখায় সমৃদ্ধ হবে। এর পাশাপাশি স্মারকগ্রন্থটিতে যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনে বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, অনুশাসন, তাঁর উন্নয়ন দর্শনসহ প্রাসঙ্গিক দুর্লভ ডকুমেন্ট ও ছবি সংযোজিত হবে।

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে আপনার মন্ত্রণালয় অত্যন্ত গুরুত্বপূর্ণ। বঙ্গবন্ধুর নেতৃত্বে আপনার মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রতিটি কার্যক্রম মহামূল্যবান জাতীয় দলিল ও ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ। গুরুত্বপূর্ণ এ ডকুমেন্টসমূহ আমাদের জাতীয় প্রেরণা ও আগামীর উন্নয়ন পরিকল্পনার সুদৃঢ় ভিত্তি। তাই সংরক্ষণের পাশাপাশি নতুন প্রজন্মের নিকট এসব ডকুমেন্টের অবিকৃত উপস্থাপন আজ সময়ের দাবি। এ প্রেক্ষাপটে স্মারকগ্রন্থটিতে প্রকাশের লক্ষ্যে বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত আপনার মন্ত্রণালয় সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত (যেমন-কোন নথিতে বঙ্গবন্ধুর স্বহস্তে লিখিত গুরুত্বপূর্ণ নোট/নির্দেশনা ইত্যাদি), অনুশাসন, তাঁর উন্নয়ন দর্শন সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য সনির্বন্ধ অনুরোধ করছি। এর সঙ্গে প্রাসঙ্গিক দুর্লভ ছবি ও ডকুমেন্ট সংযুক্ত করলে তা এ দেশের ইতিহাসের জন্য সমৃদ্ধ সংযোজন হবে।

৪। আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে উক্ত তথ্যের হার্ডকপি ও সফ্‌ট কপিসহ দুর্লভ ছবি ও ডকুমেন্ট (যদি থাকে) নিম্নস্বাক্ষরকারীর অফিস ও ই-মেইল ঠিকানায় (sa2@mopa.gov.bd/apdwing@mopa.gov.bd) প্রেরণের জন্য সবিনয়ে অনুরোধ করছি।

05.10.2020

শ্রদ্ধান্তে,

বিনীত

(মো: মোকাম্মেল হোসেন)

O অতিরিক্ত সচিব (পরি/অডিট/প্রশাসন)
O অতিরিক্ত সচিব (পাট/বস্ত্র)
O যুগ্ম-সচিব (আইন/বাজেট/বেওবি)

সচিব
ডাইরী নং ৭৯৫ তারিখ ০৫/১০/২০

জনাব লোকমান হোসেন মিয়া
সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

প্রাপ্তির তারিখ: ০৫/১০/২০